দৈনিক ইত্তেফাক

তারিখ 13 JUN 1987
পৃষ্ঠা ... 11 ... কলাম ... 1 ...

004

# ঢাকা বিশ্ববিদ্যালয়

## বিজ্ঞপ্তি

১৯৮০-৮১ শিক্ষাবর্ষের চ্যান্সেলর-এর স্বর্ণ পদক ও নগদ ৫০০/- টাকা পুরস্কারের জন্য রচনা প্রতিযোগিতা।

১। এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাইতেছে যে, নিম্নলিখিত বিষয়ে বাংলা ও ইংরেজী ভাষায় রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হইবে এবং বাংলায় ও ইংরেজীতে লিখিত সর্বোৎকৃষ্ট রচনার জন্য প্রত্যেককে একটি চ্যান্সেলর-এর স্বর্ণপদক ও নগদ পাঁচশত টাকা পুরস্কার দেওয়া হইবে।

বিষয়

ইংরেজী ঃ SCIENCE AND TECHNOLOGY FOR NATIONAL DEVELOPMENT.

বাংলা ঃ জাতীয় উন্নয়নে বিজ্ঞান ও প্রযুক্তি।

২। ঢাকা বিশ্ববিদ্যালয় ও ইহার এফিলিয়েটেড ও কনষ্টিটিয়েন্ট মহাবিদ্যালয়সমূহের স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণীর যে কোন ছাত্র/ছাত্রী এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করিতে পারিবেন।

৩। রচনায় অনূর্ধ্ব তিন হাজার শব্দ থাকিবে।

৪। ১৯৮৭ সালের ২৩শে জুলাই, বৃহস্পতিবার, দশটায় এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হইবে।

সময় চার ঘণ্টা। প্রতিযোগিতার স্থান ঃ রেজিষ্ট্রারের অফিস (রুম নং-২০৮, প্রশাসনিক ভবন) নীলক্ষেত, ঢাকা।

৫। রচনায় কোন উদ্ধৃতি ব্যবহার করিলে মূল গ্রন্থ ও গ্রন্থকারের নাম এবং পৃষ্ঠা সংখ্যা যথাযথভাবে উল্লেখ করিতে হইবে।

৬। অতীতে যাহারা চ্যান্সেলর-এর স্বর্ণ পদক প্রতিযোগিতায় বিজয়ী হইয়াছেন তাহারা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করিতে পারিবেন না।

৭। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদিগকে কাগজ ও কালি সরবরাহ করা হইবে। কিন্তু তাহাদিগকে অবশ্যই নিজেদের কলম নিয়া আসিতে হইবে এবং প্রতিযোগিতার তারিখে (২৩-৭-৮৭) সকাল দশটার মধ্যে অবশ্যই স্ব স্ব আসন গ্রহণ করিতে হইবে।

৮। যদি কোন রচনাই পুরস্কার পাওয়ার জন্য উপযুক্ত বলে বিবেচিত না হয় তবে কোন পুরস্কারই দেওয়া হইবে না। পুরস্কার সংক্রান্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

৯। প্রতিযোগিতায় অংশগ্রহণ করার অনুমতি চাহিয়া রেজিষ্ট্রারের কাছে আবেদন করিতে হইবে এবং আবেদনপত্র প্রভোষ্ট/চেয়ারম্যান/অধ্যক্ষের সুপারিশসহ ২২-৭-৮৭ তারিখের মধ্যে জমা দিতে হইবে।

১০। প্রতিযোগিতায় অংশগ্রহণ করিতে ইচ্ছুক ছাত্র/ছাত্রীদেরকে নির্দিষ্ট দিনে ও সময়ে স্ব স্ব পরিচয়পত্রসহ উপস্থিত হইতে হইবে।

উপ-রেজিষ্ট্রার (শিক্ষা),
ঢাকা বিশ্ববিদ্যালয়।

স—১৬৫১